দৈনিক সংবাদ

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

AUG 07 2002

# ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানিয়েছে, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন এবং বাংলাদেশ ছাত্র ফেডারেশন।

ছাত্র ইউনিয়ন সভাপতি শরিফুজ্জামান শরিফ এবং সাধারণ সম্পাদক নূর আলম প্রেরিত বিবৃতিতে বলা হয়, ক্যাম্পাস বন্ধ থাকার কারণে ২৩শে জুলাই রাতে শামসুন্নাহার হলে পুলিশি নির্যাতনের শিকার এবং প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা বিচার বিভাগীয় তদন্ত কমিটির কাছে বক্তব্য দিতে পারছে না, কারণ তারা এখন ঢাকার বাইরে নিজ বাড়িতে অবস্থান করছে। ছাত্রছাত্রীদের বাইরে রেখে তদন্তের নামে প্রহসন করা হচ্ছে মাত্র। ছাত্র সমাজ এ প্রহসন মানবে না। বিবৃতিতে আন্দোলনকারী ছাত্রছাত্রী ও বিচার বিভাগীয় তদন্ত কমিশনে সাক্ষ্যদানকারী ছাত্রছাত্রীদের প্রতি ছাত্রদল ক্যাডার সন্ত্রাসীদের হুমকি বন্ধ এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তার দাবি জানানো হয়। বিবৃতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গঠিত তদন্ত কমিটির কার্যক্রম স্থগিত রাখার দাবি জানানো হয়।

বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সভাপতি আবেদা গুলরুখ ও সাধারণ সম্পাদক মৃদুল কান্তি দাস প্রেরিত বিবৃতিতে বলা হয়, ছাত্র আন্দোলনের মুখে পদত্যাগী উপাচার্য একক সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয় বন্ধ করেছিলেন। এখন নতুন উপাচার্য তার দলবল নিয়ে আরও কিছুদিন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখতে চাচ্ছেন, এর উদ্দেশ্য ছাত্রদল ক্যাডার সন্ত্রাসীদের সংগঠিত ও সক্রিয় হওয়ার সুযোগ দেয়া, যাতে আন্দোলনকারী নিরীহ ছাত্রছাত্রীদের ওপর পরবর্তীতে অত্যাচার করতে পারে। উভয় বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি।